

B.A. 5th Semester (Honours) Examination, 2019-20

BENGALI

Course ID : 50112

Course Code : AH/BNG-502C-12

Course Title: উনিশ ও বিশ শতকের কথাসাহিত্য

Time: 2 Hours

Full Marks: 40

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

- ১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসের ‘উপক্রমণিকা’ অংশে কয়টি পরিচ্ছেদ রয়েছে? পরিচ্ছেদগুলির নাম লেখো।
- (খ) ‘এ দেশে এক প্রাচীন দণ্ডের কিম্বদন্তী আছে।’— বক্তা কে? দণ্ডটি কী?
- (গ) ‘কাহাকে?’ উপন্যাসটির কথক কে? তার পুরো নাম কী?
- (ঘ) ‘কাহাকে?’ উপন্যাসে জর্জ এলিয়টের কোন উপন্যাসের কথা আছে? এই উপন্যাসের নায়িকা কতবার বিয়ে করেছিলেন?
- (ঙ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো।
- (চ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসটির কয়টি ভাগ রয়েছে? ভাগগুলির নাম লেখো।
- (ছ) ‘ভিখারিণী তৎক্ষণাৎ খোসা ছাড়াইয়া প্রেমিকের দান আত্মসাৎ করে।’— ভিখারিণী ও প্রেমিকের নাম লেখো। প্রেমিক ভিখারিণীকে কী দান করেছিল?
- (জ) ‘ছোট বকুলপুরের যাত্রী’ গল্পে দিবাকর দাসের পিতা ও স্ত্রীর নাম কী?
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) ‘এই পত্রকে সূত্র করিয়া বিধাতা দলনী আর শৈবলিনীর অদৃষ্ট একত্র গাঁথিলেন।’— কোন পত্রকে সূত্র করে বিধাতা কীভাবে তাদের অদৃষ্ট একত্রে গাঁথিলেন তা বর্ণনা করো।
- (খ) ‘কাহাকে?’ উপন্যাসে জমিদার কৃষ্ণমোহনবাবুর বাড়িতে ছোট ছেলোমেয়েদের পড়ার জন্য যে স্কুল বসত সেই স্কুল সম্পর্কে কথকের অভিজ্ঞতা বর্ণনা দাও।
- (গ) ‘দিবারাত্রির কাব্য’ উপন্যাসের মালতী চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘যাকে ঘুষ দিতে হয়’ গল্পে কে, কাকে, কীভাবে, কী ঘুষ দিয়েছিল বর্ণনা করো।
- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা বিচার করো।
- (খ) ‘কাহাকে?’ উপন্যাসের নামকরণের সার্থকতা নির্ণয় করো।

(গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'দিবারাত্রির কাব্য' উপন্যাসে জীবনরহস্য চেতনার যে প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

(ঘ) মানিকের 'প্রাগৈতিহাসিক' গল্প অবলম্বনে ভিথু চরিত্রটি বিশ্লেষণ করো।
